দৈনিক
ইনকিলাব

26 JUL 2009
পৃষ্ঠা … কলাম …

জিপিএ-৫ পেয়েছে ১৪৪৮ জন

# চট্টগ্রাম শিক্ষা বোর্ডে পাসের হার ৭৬.৩১ শতাংশ

## সেরা দশের শীর্ষে চট্টগ্রাম কলেজ

চট্টগ্রাম ব্যুরো : চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষার্থীরা এবারও ভাল ফলাফল করেছে। পাসের হার ৭৬.৩১ শতাংশ যা গত ৫ বছরের মধ্যে সর্বোচ্চ। বোর্ডে এবার জিপিএ-৫ প্রাপ্তদের সংখ্যাও বেড়েছে। একই সাথে বেড়েছে শতভাগ পাস এমন কলেজের সংখ্যা। মফঃস্বলের কলেজগুলো মেধাতালিকায় শীর্ষে উঠে এসেছে। চলতি বছর এ বোর্ডে ৪১ হাজার ৭৮০ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে পৃঃ ১২ কঃ ৪

# চট্টগ্রাম শিক্ষা বোর্ডে

১৬-এর পৃষ্ঠার পর

৩১ হাজার ৬৬৮ জন। বিজ্ঞান বিভাগে ৭ হাজার ৯৮৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৫ হাজার ২০৪ জন। পাসের হার ৬৫.৬৩ শতাংশ। মানবিক বিভাগে ১৩ হাজার ২২৪ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৯ হাজার ৩৪২ জন। এ বিভাগে পাসের হার ৭১.৩৬ শতাংশ। ব্যবসা শিক্ষা বিভাগে ২০ হাজার ৫৬৮ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১৭ হাজার ১২২ জন। পাসের হার ৮৩.৬১ শতাংশ। মোট পরীক্ষার্থীর মধ্যে ২১ হাজার ৭৮৬ জন ছাত্র। এদের মধ্যে পাস করেছে ১৬ হাজার ২৪৯ জন। পাসের হার ৭৫.১৮ শতাংশ। ১৯ হাজার ৯৯৪ জন ছাত্রীর মধ্যে পাস করেছে ১৫ হাজার ৪১৯ জন। ছাত্রীদের পাসের হার ৭৭.৫৪ শতাংশ। এ বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ১৪৪৮ জন। এদের মধ্যে বিজ্ঞান বিভাগে ৮৪৭ জন, মানবিকে ৭৫ জন এবং ব্যবসা শিক্ষায় ৫২৬ জন। জিপিএ-৫ প্রাপ্তদের মধ্যে ছাত্র ৭৫৯ জন এবং ছাত্রী ৬৮৯ জন।

গত বছর এ বোর্ডে পাসের হার ছিল ৬৭.৯৬ শতাংশ। গত ৫ বছরের মধ্যে এ বছর পাসের হার সর্বোচ্চ। একইভাবে জিপিএ-৫ প্রাপ্তের সংখ্যাও বেড়েছে। চট্টগ্রাম মহানগরীর কলেজগুলোতে পাসের হার ৮১.৫০ শতাংশ। মহানগর বাদে জেলায় পাসের হার ৭১.৬০ শতাংশ। মহানগর ও জেলার গড় পাসের হার ৭৭.১৯ শতাংশ। কক্সবাজার জেলার পাসের হার ৮১.১৪, রাঙ্গামাটি জেলায় ৬৫.৫২, খাগড়াছড়ি জেলায় ৫৪.৬১, বান্দরবানে ৭৯.০৩ শতাংশ। মোট কলেজের সংখ্যা ১৭৩টি। ৫টি কলেজের পাসের হার শতভাগ। এ বছর পাসের হার শূন্য এমন কলেজ নেই।

## সেরা দশ কলেজ

এইচএসসি পরীক্ষায় ভাল ফলাফলের দিক থেকে শীর্ষে এবারও চট্টগ্রাম কলেজ। এ কলেজে ৭৯০ জন পরীক্ষার্থীর মধ্যে ৭৭৯ জন পাস করেছে। পাসের হার ৯৮.৬১ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৩১৩ জন। দ্বিতীয় স্থানে রয়েছে হাজী মোহাম্মদ মহসীন কলেজ। এ কলেজের ১৩৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩০৭ জন পাস করেছে। পাসের হার ৯৬.৯৬ শতাংশ। এ কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ৩১২ জন। সেরা কলেজের তালিকায় তৃতীয় স্থানে রয়েছে সরকারী কমার্স কলেজ। এ কলেজের ৫৯৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৫৯৭ জন। পাসের হার ৯৯.৮৩ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ২১৫ জন। চতুর্থ স্থানে রয়েছে চট্টগ্রাম সরকারী সিটি কলেজ। এ কলেজের ১৫৯৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১৫০৮ জন পাস করেছে। পাসের হার ৯৪.৬৬ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ১২৪ জন। পঞ্চম স্থানে আছে চিটাগাং পাবলিক স্কুল এন্ড কলেজ। এ কলেজের ৫০৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৫০৪ জন পাস করেছে। পাসের হার ৯৯.৬০ শতাংশ। এ কলেজে জিপিএ-৫ পেয়েছে ১১২ জন। ৬ষ্ঠ স্থানে আছে ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ। এ কলেজের ২২৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২১৭ জন পাস করেছে। পাসের হার ৯৭.৩১। জিপিএ-৫ পেয়েছে ৮১ জন। সপ্তম স্থানে চট্টগ্রাম সরকারী মহিলা কলেজ। এ কলেজের ৮৩১ জন পরীক্ষার্থীদের মধ্যে পাস করেছে ৭৪৫ জন। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৪৬ জন। পাসের হার ৮৯.৬৫ শতাংশ। অষ্টম স্থানে কক্সবাজার সরকারী কলেজ। এ কলেজে ৪৯৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৪০ জন পাস করেছে। পাসের হার ৮৯.২৫ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৩৬ জন। ৯ম স্থানে আছে ফৌজদারহাট ক্যাডেট কলেজ। এ কলেজের ৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে সবাই পাস করেছে। পাসের হার শতভাগ। জিপিএ-৫ পেয়েছে ৩০ জন। সেরা তালিকায় ১০ম স্থান অর্জন করেছে নৌবাহিনী কলেজ। এ কলেজের ৩৩৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩১৮ জন। পাসের হার ৯৪.০৮। জিপিএ-৫ পেয়েছে ২৩ জন।

শতভাগ পাসের কৃতিত্ব অর্জনকারী সেরা দশ কলেজের শীর্ষে উঠে এসেছে ফৌজদারহাট ক্যাডেট কলেজ। এ কলেজে ৪৫ জন পরীক্ষার্থীর সবাই পাস করেছে। দ্বিতীয় স্থানে সরকারী কমার্স কলেজ। এ কলেজের পরীক্ষার্থী ছিল ৫৯৮ জন। পাসের হারের দিক থেকে চট্টগ্রাম পাবলিক স্কুল এন্ড কলেজ। এ কলেজে ৫০৬ জন পরীক্ষার্থীর মধ্যে ফেল করেছে মাত্র ২ জন। চতুর্থ চট্টগ্রাম কলেজ। এ কলেজে ৭৯০ জনের মধ্যে পাস করেছে ৭৭৯ জন। পঞ্চম চট্টগ্রাম মেট্রোপলিটন কমার্স কলেজ। এ কলেজের ২৮৫ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২৮০ জন। ৬ষ্ঠ চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার কলেজ। এ কলেজের ৯২ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৯০ জন। সপ্তম ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ। এ কলেজে ২২৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২১৭ জন। ৮ম হাজী মুহাম্মদ মহসীন কলেজ। এ কলেজে ১৩৪৮ পরীক্ষার্থীর মধ্যে ১৩০৭ জন পাস করেছে। নবম প্রফেসর কামাল উদ্দিন চৌধুরী কলেজ। এ কলেজে ১৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১২৮ জন পাস করেছে। ১০ম স্থানে আছে আগ্রাবাদ মহিলা কলেজ। এ কলেজের ৪৪৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৩১ জন পাস করেছে।